



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-১০৩/১০৭৬/১৪

তারিখ : ০৩/০৬/২০১৯ খ্রিঃ

বিষয় : গভার্ণিং বডির সভাপতি হিসেবে জনাব মোঃ সাহাব উদ্দিন এর পদ বাতিলপূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/৩২৩৭/৬/কিশোরগঞ্জ-১০৩; তারিখঃ ১৭.০৪.২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলাধীন পাঁচলগোটা সিনিয়র আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি জনাব মোঃ সাহাব উদ্দিনকে পরিবর্তন করে জনাব মোঃ মজিবুর রহমান আকন্দ, পিতা- মরহুম মোঃ আব্দুর রহিম আকন্দ-কে মনোনয়ন দেয়ার জন্য মাননীয় সংসদ সদস্য ১৬৩, কিশোরগঞ্জ-০২ একখানা ডিও লেটার প্রেরণ করেন।

মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের ভিত্তিতে কেন গভার্ণিং বডির সভাপতি হিসেবে মোঃ সাহাব উদ্দিন এর পদ বাতিলপূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত স্মারকে ৩০ (ত্রিশ) দিনের সময় দিয়ে সভাপতিকে কারণ দর্শানো পত্র প্রেরণ করা হয়। কারণ দর্শানো পত্রের পরিপ্রেক্ষিতে সভাপতি মোঃ সাহাব উদ্দিন কোন জবাব দাখিল করেননি বিধায় তাঁর সভাপতি পদ বাতিলের ক্ষেত্রে কোন আপত্তি নেই মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়- ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৩২৮১৭১১০৫৮৮১/৪৫৩/নথি নং- ১০৩; তারিখঃ ১৫.০৪.২০১৯ খ্রিঃ স্মারকের অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি হিসাবে জনাব মোঃ সাহাব উদ্দিন এর পদ এতদ্বারা বাতিল করা হলো; এবং

খ) মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারের আলোকে জনাব মোঃ মজিবুর রহমান আকন্দ, পিতা- মরহুম মোঃ আব্দুর রহিম আকন্দ-কে গভার্ণিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি হিসাবে মনোনয়ন দেয়া হলো। কমিটির অন্যান্য সদস্যপদ বহাল থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪

প্রাপকঃ ১) জনাব মোঃ সাহাব উদ্দিন, সভাপতি-বাতিলকৃত, পাঁচলগোটা সিনিয়র আলিম মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।

২) জনাব মোঃ মজিবুর রহমান আকন্দ, পিতা- মরহুম মোঃ আব্দুর রহিম আকন্দ

গ্রাম- আছতিয়া, ডাকঘরঃ মসূয়া, উপজেলা- পাকুন্দিয়া, জেলা- কিশোরগঞ্জ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-১০৩/

তারিখ : / / ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিঃ, .....শাখা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৬. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, পাঁচলগোটা সিনিয়র আলিম মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৭. সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, পাঁচলগোটা সিনিয়র আলিম মাদ্রাসা, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ।
৮. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ও

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪